প্রথম আলো

তারিখ 31 AUG 2009
পৃষ্ঠা ... কলাম ...

জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# চার ছাত্রলীগ কর্মী গ্রেপ্তার

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় সংবাদদাতা**

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীকে উত্ত্যক্ত করার ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের চার কর্মীকে গ্রেপ্তার করেছে কোতোয়ালি থানার পুলিশ। গ্রেপ্তার হওয়া ব্যক্তিরা হলেন মো. রফিকুর্ল ইসলাম, মোস্তফা কামাল হোসেন, শহীদুল ইসলাম ও শেখ মোহাম্মদ রাসেল।

গতকাল রোববার ক্যাম্পাসে এ ঘটনার পর বিশ্ববিদ্যালয়ের প্রষ্টর বাদী হয়ে জননিরাপত্তা ও দ্রুত বিচার আইনে কোতোয়ালি থানায় একটি মামলা দায়ের করেন।

খোঁজ নিয়ে জানা গেছে, ইসলামিক ইতিহাস বিভাগের প্রথম বর্ষের ছাত্র ছাত্রলীগের কর্মী মো. রফিকুল ইসলাম ফিন্যান্স বিভাগের এক ছাত্রীকে প্রায়ই উত্ত্যক্ত করতেন। গত বৃহস্পতিবার বিকেলে বিশ্ববিদ্যালয়সংলগ্ন ভিক্টোরিয়া পার্ক এলাকায় ওই ছাত্রীকে রফিকুল লাঞ্ছিত করেন। এ নিয়ে ক্যাম্পাসে উত্তেজনা সৃষ্টি হলে বেলা দেড়টার ওই বিভাগের বিভাগীয় প্রধানের কক্ষে বিষয়টি নিয়ে প্রক্টরিয়াল বডির সদস্যরা, ওই ছাত্রী, তাঁর অভিভাবক, ছাত্রলীগের নেতা-কর্মীসহ পুলিশ কর্মকর্তারা বৈঠক করেন। বৈঠক শেষে পুলিশ ঘটনাস্থল থেকে উত্ত্যক্তকারী ছাত্র ও এ ঘটনায় উত্তেজনা সৃষ্টিকারী অপর তিনজনকে গ্রেপ্তার করে।